



**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড**  
**Bangladesh Power Development Board**

সূত্র নং-২৯-বিউবো(কর্ম)/৩/নিয়োগ-১৬৪/২০১৭

“শেখ হাসিনার উদ্যোগ  
ঘরে ঘরে বিদ্যুৎ”

কর্মচারী পরিদপ্তর  
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

তারিখঃ ১৪-০২-২০১৭ইং

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারী আদেশ অনুযায়ী প্রচলিত বেতন ক্ষেত্রে ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের মধ্যে শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের নিকট হইতে বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন ক্ষেত্র	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১।	উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)  টাঃ ১৬০০০-১৬৮০০-১৭৬৮০০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৮০-২১৪৭০- ২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০- ৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০(এনপিএস' ২০১৫)  টাকা এবং অন্যান্য প্রচলিত ভাতাদি।	১৮(আঠার)টি	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। এসএসসি/সমমান অথবা ডিপ্লোমা পরীক্ষার যে কোন একটিতে প্রথম বিভাগ অথবা জিপিএ ৩.০০ থাকিতে হইবে এবং কোন পরীক্ষাতেই তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হইবে না।

**শর্তবলীঃ**

- বয়স সীমা ১৬-০৩-২০১৭ খ্রি তারিখে ১৮-৩২ বৎসর।
- বোর্ডের বিভাগীয় প্রার্থী এবং কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্ত্বাস্তীত প্রতিষ্ঠানে চাকুরীরত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার প্রার্থীগনকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে এই সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হইবে।
- মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ, মুক্তিবার্তা নম্বর, গেজেট, ভারতীয় তালিকায় যদি নাম থাকে তাঁহার কপি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ, মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান দাবী করার ক্ষেত্রে পিতামহ/মাতামহ, পিতা-মাতা ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক আবেদনপত্রের সংগে সংযুক্ত করিতে হইবে।
- দরখাস্তের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ত্রুটি পোষ্টাল অর্ডার, (২) সদ্য তোলা তিন কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, (৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সকল পরীক্ষা পাশের মূল সনদের সত্যায়িত অনুলিপি, (৪) দুইজন অনানুষ্ঠানিক ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হইতে দুইটি চারিত্রিক সনদপত্র (৫) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারের নিকট হইতে নাগরিকত্বের সনদ, (৬) নিজ ঠিকানা লিখিত ও ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেট যুক্ত ২৮×১১ সেঁ: মিঃ সাইজের একটি খাম আবেদন পত্রের সহিত সংযোজন করিতে হইবে।
- দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট ([www.bpdb.gov.bd](http://www.bpdb.gov.bd)) হইতে ডাউনলোড করা যাইবে। ইহাচাড়া কক্ষ নং-৪১১, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল, ঢাকা এবং আন্দুল গণি রোড, ঢাকাস্থ বিদ্যুৎ ভবনে বিউবো'র প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম এর দণ্ডর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিতরণ জোনের প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/ময়মনসিংহ এবং প্রধান প্রকৌশলী, খুলনা বিদ্যুৎ কেন্দ্র এর দণ্ডর হইতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাইবে।
- আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করা হইলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হইলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কোন ক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হইবে না। খামের উপর প্রার্থীত পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- আবেদন পত্র আগামী ১৬-০৩-২০১৭ খ্রি তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন(৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌছাইতে হইবে। উক্ত তারিখের পরে ঢাকায়োগে বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত আবেদন গৃহীত হইবে না।

(মোঃ সেলিম রেজা)  
পরিচালক

কর্মচারী পরিদপ্তর

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।  
L... .